মেহেরপুরে জাতীয় জন্ম মৃত্যু নিবন্ধন দিবস পালন

মেহেরপুরে জাতীয় জন্ম মৃত্যু নিবন্ধন দিবস ২০২৪ উদযাপ উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা আয়োজন করা হয়েছে।

আজ রবিবার (৬ অক্টোবর) সকাল ১০ টার সময় জেলা প্রশাসকের কার্যালয় থেকে বর্ণাঢ্য র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা শিল্পকলা একাডেমী প্রাঙ্গণে শেষ হয়। পরবর্তীতে শিল্পকলা একাডেমিতে জাতীয় জন্ম মৃত্যু নিবন্ধন দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্বে করেন স্থানীয় সরকার উপপরিচালক শামীম হোসেন, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম, মেহেরপুর সিভিল সার্জন ডাঃ মহী উদ্দিন আহমেদ, মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা: জমির মো: হাসিবুস সাত্তার, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আকাশ কুমার কুন্ডু ।

নির্বাহী ম্যাজিস্ট্রেট নাসরিন সুলতানার সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) (ভারপ্রাপ্ত) অধ্যাপক আরিফ হোসেন তালুকদার, মেহেরপুর জেলা মাদকদ্রব্য পরিদর্শক আবুল হাশেম, মেহেরপুর ফায়ার সার্ভিস স্টেশন অফিসার শামীম রেজা প্রমুখ।

মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবসে

৫ গুণী শিক্ষককে সম্মাননা প্রদান

মেহেরপুর বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে জেলার গুণী ৫ শিক্ষককে সম্মাননা প্রদান করা হয়েছে। আজ শনিবার (৫ অক্টোবর) বিকেলে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে শিক্ষকদের সম্মাননা প্রদান করা হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজ মেহেরপুর জেলার গুনি ৫ শিক্ষকের হাতে সম্মাননা পুরস্কার তুলে দেন। সম্মাননা প্রাপ্ত শিক্ষকরা হলেন, গাংনী বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক দিলারা আফরোজ, আমঝুপি ফাজিল মাদ্রাসার এবতেদায়ী মৌলভী আহসানুজ্জামান, একই মাদ্রাসার আইসিটি সহকারী শিক্ষক দিলরুবা পারভীন, মেহেরপুর দারুল উলুম আহমদীয়া ফাজিল মাদ্রাসার সহকারী অধ্যাপক সোলায়মান হোসেন, এবং বামুন্দী সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক হাফিজুর রহমান বকুল।

সম্মাননা প্রদান অনুষ্ঠানে অন্যদের মধ্যে মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবির, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রনি আলম নুর,সরকারি মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিন, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দিন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন,পুলিশ পরিদর্শক আব্দুল আলিম, জেলা শিক্ষা অফিসের গবেষণা কর্মকর্তা আখতারুজ্জামান উপস্থিত ছিলেন।

জেলা প্রশাসক সিফাত মেহনাজ বলেন,শিক্ষক হচ্ছেন মানুষ গড়ার কারিগর। বাবা মা সন্তানের লালন পালনের দায়িত্ব নিলেও সন্তানকে শিক্ষা দেন শিক্ষক। সকল শিক্ষক শ্রদ্বেয়। প্রত্যেক শিক্ষক সম্মানীয়। শিক্ষকেদর মর্যাদা যেন কোন ক্রমে নস্ট না হয়,কোক শিক্ষকের,মনে যেন কোন শিক্ষার্থী দুঃখ না দেয় সে বিষয়ে সকলকে দায়িত্ববান হতে হবে। পিতামাতাদেরও শিক্ষাগুরুর মর্যাদা সপ্মর্কে সন্তানদের সচেতন করতে হবে।

শিক্ষকদের উদ্দেশ্য করে জেলা প্রশাসক বলেন, শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের আরও দায়িত্ববান হতে হবে। সরকারি বিদ্যালয়ে লেখাপড়ার মান বৃদ্ধি করতে হবে। প্রাইভেট বিদ্যালয়ের সাথে প্রতিযোগীতা

করতে পারলে সরকারি বিদ্যালয়ে শিক্ষার্থীরা বেশি বেশি মনোযোগী হবে।

মেহেরপুরে স্বেচ্ছাসেবক দলের আয়োজনে দোয়া মাহফিল অনুষ্ঠিত

গত ১৪ সেপ্টেম্বর গোপালগঞ্জের নিজ বাড়ি যাওয়ার পথে গাড়ী বহরে আওয়ামী লীগ সন্ত্রাসীদের অতর্কিত হামলায় গুরুতর আহত বাংলাদেশ জাতীয়বাদী স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির বিপ্লবী সভাপতি এস এম ফেলানীসহ সকল আহতদের সুস্থতা কামনা এবং নিহত কেন্দ্রীয় কমিটি ক্রীয়া সম্পাদক শওকত আলী দিদারসহ সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনা দোয়া মাহফিল আয়োজন করা হয়েছে।

আজ শনিবার (৫ অক্টোবর) বিকেল ৫টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীতে এ দোয়া মাহফিল অনুষ্ঠান হয়।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হোসেন মিন্টু সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক আহমেদ রাজিব খান, মেহেরপুর সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের শহিদুল ইসলাম, পৌর স্বেচ্ছাসেবক দলের সভাপতি মোস্তাফিজুর রহমান, পৌর স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক নুরুজ্জামান বাবু, মুজিবনগর স্বেচ্ছাসেবক দলের সভাপতি আশরাফুল আলম, মুজিবনগর স্বেচ্ছাসেবদলের সাধারণ সম্পাদক জুলফিকার আলী, মেহেরপুর সদর উপজেলার স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক মাহফুজুর রহমান মাহফুজ, মেহেরপুর জেলা জাসাসের সাধারণ সম্পাদক বাকী বিল্লাহ।

মেহেরপুর সদর উপজেলার সদস্য সচিব ইলিয়াস হোসেনের সঞ্চালনায় বক্তব্য রাখেন বারাদী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি জয়নাল আবেদিন, শ্যামপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি আশাদুল জামান

আসাদ, আমঝুপি ইউনিয়ান স্বেচ্ছাসেবক দলের সভাপতি হাফিজুর রহমান হাফিজ।

পরে দোয়া পরিচালনা করেন আনসার জামে মসজিদের ইমাম সাব্বির হোসেন।

মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস ২০২৪ পালন

মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

আজ শনিবার (৫ অক্টোবর) সকাল ১০ টার সময় জেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসের আয়োজনে বিশ্ব শিক্ষক দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে র্যালি অনুষ্ঠিত হয়।
র্যালিটি মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় থেকে বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে এসে শেষ হয়।

পরে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে বিশ্ব শিক্ষক দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজ অধ্যক্ষ ডাঃ এ কে এম নজরুল কবির, অতিরিক্ত জেলা প্রশাসক রনি আলম নূর, মেহেরপুর মহিলা কলেজের অধ্যক্ষ আব্দুল্লাহ আল-আমিন ধুমকেতু, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দীন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন।

মেহেরপুর জেলা শিক্ষা অফিসের গবেষণা কর্মকর্তা আখতারুজ্জামানের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন পুলিশ পরিদর্শক আব্দুল আলিম, সরকারি প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সভাপতি মোঃ নাজমুল হক (লিটন), ইসলামী ইতিহাসের সহকারী অধ্যাপক সোলাইমান হোসেন, মেহেরপুর সহকারী শিক্ষক শফিকুল ইসলাম মিন্টু,

সহকারী শিক্ষক আখতারুজ্জামান হীরাসহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকারা।

গাংনীতে বীর মুক্তিযোদ্ধাকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

মেহেরপুরের গাংনী উপজেলা শহরের সিনেমাহলপাড়ার বীর মুক্তিযোদ্ধা ও সোনালী ব্যাংকের অবসরপ্রাপ্ত এজিএম মাহাবুবুর রহমান মজনুকে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন করা হয়েছে।

আজ শনিবার (৫ অক্টোবর) সকাল ১০ টার সময় চৌগাছা ঈদগাহ প্রাঙ্গণে তাকে গার্ড অব অনার দেওয়া হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার অফিসার প্রীতম সাহা রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহণ করেন।

এ সময় জাতীয় পতাকা দিয়ে আচ্ছাদিত মরহুমের মরদেহে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

গাংনী থানা পুলিশের একটি চৌকস দল
তাকে গার্ড অব অনার দেয়। বিউগলে করুন
সুর বাজানো হয়। এক মিনিট নীরবতা
পালন শেষে একই স্থানে জানাজা এবং পরে
চৌগাছা কেন্দ্রীয় কবরস্থানে তাকে
দাফন করা হয়।

গার্ড অব অনার অনুষ্ঠানে গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা সামসুল আলম সোনা, বীর মুক্তিযোদ্ধা মুনতাজ আলীসহ বীর মুক্তিযোদ্ধা, রাজনীতিবিদ, প্রশাসনের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বীর মুক্তিযোদ্ধা মাহবুব হোসেন মজনু গতকাল শুক্রবার বিকালে সিনেমাহলপাড়ার নিজ বাড়িতে হৃদযন্ত্রে ক্রিয়া বন্ধ হয়ে ইন্তিকাল

করেন। মরহুম আব্দুস সালামের দুই মেয়ে ও নাতিনাতনীসহ অসংখ্য গুণগ্রাহী রয়েছেন।

মেহেরপুর-কুষ্টিয়া সড়কে ঘন্টাব্যাপি গণডাকাতি, ছুরিকাঘাতে চালক গুরুতর আহত

মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলার আকুবপুর নামক স্থানে গণডাকাতির ঘটনা ঘটেছে। এসময় ডাকাতদের ছুরিকাঘাতে একজন চালক গুরুতর আহত হয়েছেন। মারপিট করা হয়েছে চালকের সহকারিকেও।

আজ শুক্রবার (৪ অক্টোবর) রাত ৩ টার দিকে গাংনী উপজেলার আকুবপুর নামক স্থানে ঘন্টাব্যাপি এই গণডাকাতির ঘটনা ঘটেছে।

ডাকাতরা গাড়ির গতিরোধ করে একটি দুরপাল্লার নৈশকোচসহ, এ্যাম্বুলেন্স, মাইক্রোবাস, আলগামন, নছিমনসহ অন্তত ৬/৭ টি ছোট বড় যানবাহন থেকে ডাকাতি করে নিয়ে যায়।

শ্যামলী পরিবহনের যাত্রী মেহেরপুর শহরের আব্দুল আলীম ও নছিমন চালক সরাফত আলী বলেন, ২০/২৫ জনের একটি সশস্ত্র ডাকাত দল রাস্তায় বেরিকেড দিয়ে কয়েকটি আলগামন ও মাইক্রোবাস আটকিয়ে ডাকাতি শুরু করে। পরে শ্যামলী পরিবহনের বাসসহ অন্যান্য যানবাহনগুলি আটকিয়ে ডাকাতি শুরু করে। শ্যামলী পরিবহনের ভিতরে ডাকাতদের প্রবেশে বাধা দিলে তারা জোর করে উঠে প্রথমে চালকের মুখের উপর ছুরিকাঘাত করে। চালক মুস্তাফিজুর রহমান স্বপন মারাত্বক আহত হন। পরে চালকের সহকারি বাচাতে এলে তাকেও বেদম প্রহার করে ডাকাতরা। এসময় পরিবহণের যাত্রীসহ অন্যান্য যানবাহনের লোকজনকে অস্ত্রের মুখে জিম্মি করে ডাকাতি শুরু করে। অন্তত ৩০/৪০ জনের কাছ থেকে কয়েক লক্ষ টাকা, মোবাইল ফোনসহ অন্যান্য জিনিসপত্র লুট করে নিয়ে যায়। পরে শ্যামলী পরিবহনের চালক মোস্তাফিজুর রহমান স্বপনকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। পরে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট

জেনারেল হাসপাতালে রেফার্ড করেন। সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

চালক স্বপনের ভাই হাফিজুল ইসলাম বলেন, স্বপনের মুখ ও নাক বরাবর ছুরিকাঘাত করা হয়েছে। তার শারীরিক অবস্থা খারাপ। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম এঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, ঘটনার পরপরই পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছায়। আসামিদের আটক করতে পুলিশ ইতোমধ্যে কাজ শুরু করেছেন।

ইতিবাচক মনোভাব তৈরি করে আসুন পুলিশ সাংবাদিক এক সাথে কাজ করি

৫ আগস্টের পর মেহেরপুরে যে ঘটনা ঘটেছে তা টোটাল বাংলাদেশের খণ্ডচিত্র। তার একটি প্রভাব এখানে হবে এটাই স্বাভাবিক। আপনাদের সকলের কমবেশি অবদানের কারণে মেহেরপুরে মেহেরপুরে বড় ধরণের অপ্রিতিকর ঘটনা ঘটেনি। তিনি বলেন, আমি এখন বেশি কিছু বলবোনা। আগে একটু বুঝে নিই তারপর আপনাদের মতামতগুলো নিয়ে কাজ করবো।

সাংবাদিকদের তথ্য চাওয়া নিয়ে তিনি বলেন, জেলার মানুষকে ভালো রাখার জন্য সংবাদ প্রকাশের জন্যই শুধু তথ্য না চেয়ে পুলিশকে তথ্য দিয়ে সহযোগীতার করুন। ইতিবাচক মনোভাব তৈরি করে পুলিশ সাংবাদিক এক সাথে কাজ করলে ভালো ফলাফল বয়ে আনবে। তিনি বলেন, ইতোমধ্যে পুলিশ পেট্রলিং শুরু করা হয়েছে। খুব দ্রুত আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক হবে।

আজ বৃহস্পতিবার দুপুরে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে মেহেরপুরে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় কালে নবাগত পুলিশ মাকুসদা আকতার খানম, পিপিএম এসকল কথা বলেন।

পুলিশ সুপার মাকসুদা আকতার খানমের সভাপতিত্বে সাংবাদিকদের মধ্যে বক্তব্য দেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, বাংলাভিশন প্রতিনিধি তুহিন আরন্য, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, কালবেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফি, আমাদের অর্থনীতি প্রতিনিধি মাসুদ রানা, এখন টিভি প্রতিনিধি মুজাহিদ আল মুন্না, লাখোকণ্ট প্রতিনিধি রফিকুল ইসলাম বকুল, তৃতিয় মাত্রা প্রতিনিধি তোফায়েল আহমেদ ।

মতবিনিময় সভায় অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, সহকারী পুলিশ সুপার আব্দুল করিম উপস্থিত ছিলেন।

মুজিবনগরে চাঁদাবাজি মামলায় ছাত্রলীগের সাবেক সভাপতিসহ ৫ জন আটক

মুজিবনগরে চাঁদাবাজি মামলায় উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতিসহ ৫ জনকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

আজ বৃহস্পতিবার দিবাগত রাতে মুজিবনগর উপজেলার গোপালপুর গ্রামের রফিকুল ইসলামের ছেলে খোরশেদ আলমের দায়েরকৃত চাঁদাবাজি মামলায় আসামীদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের (সাবেক) সভাপতি মহাজনপুর গ্রামের আ:সাত্তারের ছেলে হেলাল উদ্দীন লাভলু, বিশ্বনাথপুর গ্রামের আইয়ুব আলী ছেলে আব্দুস সালাম, একই গ্রামের মৃত মকছেদ মন্ডলের ছেলে বাহালুল ইসলাম, দারিয়াপুর গ্রামের মৃত আমিন উদ্দিনের ছেলে জিয়ারুল ইসলাম এবং কোমরপুর গ্রামের আলিহিম মন্ডলের ছেলে আজিজুল হক ভটু।

ভুক্তভোগী খোরশেদ আলম ২৭ জনের নাম উল্লেখসহ আরো অজ্ঞাতনামা

২০-২৫ জনকে আসামি করে ২ তারিখ বুধবার দিবাগত রাতে মুজিবনগর থানায় মামলাটি দায়ের করেন।

মামলার অভিযোগ সূত্রে জানা গেছে, গোপালপুর গ্রামের খোরশেদ আলমের বামনপাড়া বাজারে রফিক কার ওয়াশ ও ভলকানাইজিং ওয়ার্কসপ ছিল। টাকার প্রয়োজনে ওয়ার্কসপটি গত এপ্রিল মাসের ২৫ তারিখে খোরশেদ আলম বামন পাড়া গ্রামের মৃত মোকসেদ মির এর ছেলে মারুর নিকট ১৮ লাখ টাকায় বিক্রি করে। এই বিষয়টি আসামিগণ জানতে পেরে গত এপ্রিল মাসে ৩০ তারিখ আনুমাসিক রাত আটটার দিকে মামলায় উল্লেখিত আসামিগণ সহ আরো ২০-২৫ জন অজ্ঞাতনামা লোক বিভিন্ন দেশিও অস্ত্র ও অবৈধ আগ্নেয় অস্ত্র সহ খোরশেদ আলমের বাড়িতে ঢুকে তাকে ঘিরেধরে হত্যার হুমকি দিয়ে ১০ লক্ষ টাকা চাঁদা দাবি করে। চাঁদা না দিলে তাকে প্রাণে মেরে ফেলার হুমকি প্রদান করে। প্রাণ ভয়ে খরশেদ আলম ঘরে থাকা ৫ লক্ষ টাকা আসামিদের দিয়ে দেয়। ৫ লক্ষ্য টাকা পেয়ে আসামিগণ এক সপ্তাহের মধ্যে বাকি ৫ লক্ষ টাকা পরিশোধ না করলে তাকে খুন করা হবে বলে হুমকি প্রদান করে চলে আসে। সেই সময় ঘটনার বিষয়ে খোরশেদ আলম মুজিবনগর থানায় এটি অভিযোগ দায়ের করতে গেলে থানা কর্তৃপক্ষ অজ্ঞাত কারণে অভিযোগটি গ্রহণ করেনি। একথা জানতে পেরে পুনরায় আসামিগণ খোরশেদ আলম কে হত্যার হুমকি দিলে তিনি প্রান ভয়ে আদালতেও মামলা করেনি। বর্তমানে রাজনৈতিক পট পরিবর্তন হওয়ার কারণে ন্যায় বিচার পাওয়ার সুযোগ সৃষ্টি হওয়ায় তিনি এই মামলা দায়ের করেন বলে তিনি প্রতিবেদক কে জানান।

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল আলম জানান, খোরশেদ আলমের দায়েরকিত মামলায় অভিযান চালিয়ে এজাহার ভুক্ত আসামীদের গ্রেফতার করে কোর্টে প্রেরণ করা হয়েছে। অন্য আসামিদের গ্রেফতার করতে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

চার ব্যবসায়ীকে ২০ লাখ টাকা জরিমানা, বিভিন্ন মেয়াদে সাজা

মেহেরপুরে ভেজাল গুড় বিক্রির অভিযোগে চার গুড় ব্যবসায়ীকে

বিভিন্ন মেয়াদে সাজা ও জরিমানা করেছে বিশুদ্ধ খাদ্য আদালত।

আজ বুধবার (২ অক্টোবর) বিকালের দিকে মেহেরপুর সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ও বিশুদ্ধ খাদ্য আদালতের বিচারক বেগম শারমিন নাহার এই রায় দেন।

এরা হলেন, গাংনী উপজেলার বামন্দী বাজার এলাকার আবু বক্করের ছেলে ও মের্সাস ভাই ভাই এন্টারপ্রাইজের স্বত্বাধিকার হাবিবুর রহমান, আলিমুদ্দিনের ছেলে আবু বক্কর, গাংনী উপজেলার রামনগর গ্রামের আবু মণ্ডলের ছেলে দুলাল হোসেন ও কুষ্টিয়ার দৌলতপুর উপজেলা দৌলতখালী গ্রামের হেরেজ মন্ডলের ছেলে জিয়াউর রহমান জিয়া।

আদালত সূত্রে জানা গেছে, চলতি বছরের ১৮ জানুয়ারি গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর সদর উপজেলা স্যানেটারি ইন্সপেক্টর তারিকুল ইসলামের নেতৃত্বে মেহেরপুর শহরের ওয়াবদা সড়কে ও শহরের স্টেডিয়ামপাড়া এলাকার গুড়ের আড়তে পৃথক অভিযান চালিয়ে উৎপাদনের তারিখ ও মেয়াদবিহীন ৪০ টিন গুড জব্দ করেন। পরে এ ঘটনায় ওই সময়ে বিশুদ্ধ খাদ্য আইনে একটি মামলা দায়ের করা হয়, এবং জব্দকৃত গুড় রাসায়নিক পরীক্ষার জন্য ঢাকায় পাঠানো হয়।ঢাকাতে পরীক্ষা নিরীক্ষা পর ওই গুড়ে ভেজাল প্রমাণিত হয়েছে।

এঘটনায় বিজ্ঞ আদালত বিশুদ্ধ খাদ্য আইন ২০১৩ এর ৩/৪ এর ২৬ ধারায় দোষ স্বীকার করায় গুড় ব্যবসায়ী আবু বক্করকে ১ বছর কারাদণ্ড এবং ৩ লক্ষ টাকা জরিমানা, অনাদায় আরো ১ বছরের কারাদণ্ড ও একই আইনের ৪১ ধারায় ১ লক্ষ টাকা জরিমানা, অনাদায়ে আরও ৬ মাসের জেল, হাবিবুর রহমানকে ২/২৪ এর ২৬ ধারায় ১ বছরের জেল, ৩ লক্ষ টাকা জরিমানা, অনাদায় আরো ১ বছরের জেল ও ৪১ ধারায় ১ লক্ষ টাকা জরিমানা, অনাদায় আরো ৬ মাসের জেল, আবু বক্করকে ৩ লক্ষ টাকা জরিমান, অনাদায়ে ১ বছরের জেল ও ৪১ ধারায় ১ লক্ষ টাকা জরিমানা, অনাদাযে আরো ৬ মাসের জেল এবং দুলালকে ৩ লক্ষ টাকা জরিমানা, অনাদায়ে ১ বছরে জেল ও ৪১ ধারায় ১ লক্ষ টাকা জরিমানা ৬ মাসের জেল দেওয়া হয়।

এছাড়া অপর আসামি জিয়াউর রহমান জিয়াকে একই আইনের ২৬ ধারায় ৩ লক্ষ টাকা জরিমান, অনাদায়ে ১ বছরের জেল ও ৪৩ ধারায় ১ লক্ষ টাকা জরিমানা অনাদায়ে ৬ মাসে জেল দেওয়া হয়েছে।
এসময় মেহেরপুর সদর উপজেলা স্যানেটারী অফিসার তরিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

[redacted]

“[redacted]” [redacted]

[redacted]

[redacted]

[